উৎসবমুখর আয়োজনে কোটচাঁদপুরে গোল্ডকাপ ফাইনাল অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে উৎসবমুখর পরিবেশ ও বিপুল দর্শকসমাগমের মধ্য দিয়ে জেলা প্রশাসক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট-২০২৬ এর ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে। তরুণ সমাজকে মাদক, জুয়া ও অপরাধপ্রবণতা থেকে দূরে রেখে খেলাধুলার মাধ্যমে সুস্থ, সচেতন ও মানবিক সমাজ গড়ে তোলার লক্ষ্যে এ টুর্নামেন্টের আয়োজন করা হয়।

গতকাল শনিবার বিকেলে কোটচাঁদপুর সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত ফাইনাল ম্যাচের উদ্বোধন করেন ঝিনাইদহের জেলা প্রশাসক নোমান হোসেন।

উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) দীপা রানী সরকারের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক নোমান হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা পুলিশ সুপার মিয়া মোহাম্মদ আশিস বিন হাসান, জেলা পরিষদের প্রশাসক আব্দুল মজিদ, সহকারী কমিশনার (ভূমি) সোহেল রানা, অতিরিক্ত পুলিশ সুপার (কোটচাঁদপুর সার্কেল) সায়েম ইউসুফ, কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আনসারুল্লাহ, জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি আবুবকর বিশ্বাস, যুগ্ম সাধারণ সম্পাদক ফারুক হোসেন খোকন, উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক, সাধারণ সম্পাদক লিয়াকত আলী, পৌর বিএনপির সভাপতি এস কে এম সালাহউদ্দিন বুলবুল সিডল, উপজেলা জামায়াতের আমির মাস্টার আজিজুর রহমান, পৌর জামায়াতের আমির মাওলানা আব্দুল কাইয়ুম, সাবেক ভাইস চেয়ারম্যান একরামুল হকসহ বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও ক্রীড়াঙ্গনের নেতৃবৃন্দ।

এছাড়া উপজেলার বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা, জনপ্রতিনিধি, ক্রীড়া সংগঠক, সাংবাদিক এবং হাজারো ফুটবলপ্রেমী দর্শকের উপস্থিতিতে মাঠজুড়ে উৎসবের আমেজ সৃষ্টি হয়।

অনুষ্ঠানে বক্তারা বলেন, বর্তমান প্রজন্মকে মাদক, জুয়া ও সামাজিক অবক্ষয় থেকে দূরে রাখতে খেলাধুলার বিকল্প নেই। নিয়মিত ক্রীড়া চর্চা তরুণদের শারীরিক ও মানসিক বিকাশ, শৃঙ্খলাবোধ, নেতৃত্বের গুণাবলি, পারস্পরিক সম্প্রীতি ও দেশপ্রেম গড়ে তুলতে গুরুত্বপূর্ণ

ভূমিকা রাখে। এ ধরনের আয়োজন সমাজে ইতিবাচক পরিবর্তন আনতেও সহায়ক হবে বলে তারা আশাবাদ ব্যক্ত করেন।

ফাইনাল ম্যাচে দুই দলের খেলোয়াড়দের দৃষ্টিনন্দন নৈপুণ্য, আক্রমণ-পাল্টা আক্রমণ এবং দর্শকদের প্রাণবন্ত সমর্থনে মাঠজুড়ে রোমাঞ্চকর পরিবেশের সৃষ্টি হয়। দূর-দূরান্ত থেকে আসা দর্শকদের উপস্থিতিতে পুরো মাঠ যেন এক মিলনমেলায় পরিণত হয়।

টুর্নামেন্টকে ঘিরে স্থানীয় ক্রীড়াপ্রেমীদের মধ্যে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা লক্ষ্য করা যায়। আয়োজকরা আশা প্রকাশ করেন, এ ধরনের প্রতিযোগিতা কোটচাঁদপুরে ফুটবলের ঐতিহ্যকে আরও সমৃদ্ধ করার পাশাপাশি নতুন প্রতিভাবান খেলোয়াড় তৈরি এবং স্থানীয় ক্রীড়াঙ্গনকে আরও গতিশীল করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

খেলা শেষে বিজয়ী ও রানারআপ দলের খেলোয়াড়দের হাতে ট্রফি, মেডেল ও পুরস্কার তুলে দেন অতিথিবৃন্দ।

খেলা পরিচালনা করেন মো. রুহুল আমিন টুটুল, ফরাদ হোসেন ও মেহেদী হাসান। সার্বিক সহযোগিতায় ছিলেন মোমেন আল আরাফাত সোহেল, রুস্তম কবির, আব্দুল হামিদ ও আলমগীর হোসেন।

ঝিনাইদহে পালিত হলো বিশ্ব পানিতে ডুবে মৃত্যু প্রতিরোধ দিবস

ঝিনাইদহে প্রথমবারের মতো পালিত হয়েছে ‘বিশ্ব পানিতে ডুবে মৃত্যু প্রতিরোধ দিবস’। শনিবার (২৫ জুলাই) সকালে এই উপলেক্ষ্যে শহরের ফ্যামিলি জোন অডিটোরিয়ামে সচেতনতামূলক আলোচনা সভা ও সাঁতারুদের মাঝে সার্টিফিকেট বিতরনের আয়োজন করা হয়।

এবিএম (অইগ) ও বিন (ইওঘ) ফাউন্ডেশনের সহযোগিতায় ঝিনাইদহ সেফ সুইমিং একাডেমি এই কর্মসূচীর আয়োজন করে। বৈশ্বিক সংকটের গুরুত্ব বিবেচনা করে জাতিসংঘ ২০২১ সালে প্রথম ২৫ জুলাইকে বিশ্ব পানিতে

ডুবে মৃত্যু প্রতিরোধ দিবস হিসেবে ঘোষণা করে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সভাপতি মোঃ আব্দুল মজিদ।

সেফ সুইমিং একাডেমির পরিচালক মাহাফুজুর রহমান বিপ্লব’র সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি জেলা বিএনপি সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাস, ঝিনাইদহ ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার লিয়াকত আলী, এইড’র প্রতিষ্ঠাতা তরিকুল ইসলাম পলাশ, অভিভাবক শাহিনুর রহমান লিটনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

ইউনিসেফের এক প্রতিবেদনে দেখা যায়, দেশে প্রতিবছর ২২ হাজার মানুষ পানিতে ডুবে প্রাণ হারায় এবং এর মধ্যে ১৮ হাজারই শিশু ও কিশোর বলে জানা যায়।

এজন্য বক্তারা শিশুকাল থেকেই সাঁতার শেখানো এবং অভিভাবকদের সচেতনতা বৃদ্ধির মাধ্যমে এ দুর্ঘটনা প্রতিরোধে এগিয়ে আসার আহ্বান জানান। সেই সাথে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে সাঁতার শিক্ষার ব্যবস্থা চালু এবং নিরাপদ জলাশয় ব্যবহারে জনসচেতনতা বাড়ানোর ওপর গুরুত্বারোপ করেন।

মহেশপুর সীমান্তে ৬ জনকে পুশ-ইনের চেষ্টা, বিজিবির তৎপরতায় ব্যর্থ

ঝিনাইদহের মহেশপুর সীমান্ত দিয়ে ৬ জন ব্যক্তিকে বাংলাদেশে অবৈধভাবে পুশ-ইনের চেষ্টা করেছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)। তবে মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি)-এর সদস্যদের তাৎক্ষণিক ও তৎপর অবস্থানের কারণে ওই অপচেষ্টা ব্যর্থ হয়েছে।

শনিবার (২৫ জুলাই) সকাল সাড়ে ৯টায় মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) থেকে প্রকাশিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, শনিবার ভোর আনুমানিক ৫টা ১০ মিনিটে মহেশপুর উপজেলার সামন্তা বিওপির আওতাধীন সীমান্ত পিলার ৫৫/এমপি সংলগ্ন গেট দিয়ে ভারতের ৫৯ বিএসএফ ব্যাটালিয়নের সিঙ্গামোড়া ক্যাম্প ৬ জন ব্যক্তিকে (৪ জন পুরুষ ও ২ জন নারী) বাংলাদেশে পুশ-ইনের চেষ্টা চালায়। তারা বাংলাদেশে প্রবেশের আগেই বিজিবির টহল দলের নজরে আসে।

পরে সামন্তা বিওপির সদস্যরা তাদের বাংলাদেশে প্রবেশে বাধা প্রদান করলে পুশ-ইনের চেষ্টা ব্যর্থ হয়। বর্তমানে ওই ব্যক্তিরা সীমান্তের শূন্যরেখা থেকে প্রায় ৩০ গজ ভারতের অভ্যন্তরে অবস্থান করছে বলে জানিয়েছে বিজিবি।মহেশপুর ব্যাটালিয়ন সূত্রে আরও জানানো হয়, বিষয়টি ইতোমধ্যে বিএসএফকে আনুষ্ঠানিকভাবে অবহিত করা হয়েছে। সীমান্তে যেকোনো ধরনের অবৈধ অনুপ্রবেশ, পুশ-ইন এবং সীমান্ত এলাকার শান্তি-শৃঙ্খলা বজায় রাখতে বিজিবি সর্বোচ্চ সতর্ক অবস্থানে রয়েছে এবং নিয়মিত টহল ও নজরদারি অব্যাহত রেখেছে।

এ বিষয়ে মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি)-এর অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মো. রফিকুল আলম, পিবিজিএম, পিএসসি বলেন, “বাংলাদেশের সীমান্ত সুরক্ষা ও দেশের সার্বভৌমত্ব রক্ষায় বিজিবি সর্বদা সতর্ক ও দায়িত্বশীল ভূমিকা পালন করে আসছে। সীমান্ত দিয়ে কাউকে অবৈধভাবে বাংলাদেশে প্রবেশ করতে দেওয়া হবে না। পুশ-ইন কিংবা অনুপ্রবেশের যেকোনো অপচেষ্টা বিজিবি কঠোরভাবে প্রতিহত করবে।

ঝিনাইদহে ইয়াবাসহ মাদক ব্যবসায়ীকে পুলিশে দিলেন বিএনপির নেতাকর্মীরা

ঝিনাইদহ থেকে মনিরুল ইসলাম নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করে পুলিশে সোপর্দ করেছে জেলা বিএনপির নেতাকর্মীরা।

বুধবার (২২ জুলাই) সাড়ে ১১ টার দিকে আরাপপুর মাঝিপাড়া থেকে তাকে আটক করা হয়। আটককৃত মাদক ব্যবসায়ী শহরের ব্যপারীপাড়ার সিরাজুল

ইসলামের ছেলে।

স্থানীয়রা জানান, জেলা বিএনপির যুগ্ম-সাধারণ সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাস ও জেলা ছাত্রদলের সাবেক সাধারণ সম্পাদক মুশফিকুর রহমান মানিকসহ দলীয় নেতাকর্মীরা আরাপপুর এলাকায় অবস্থান করছিলেন। এসময় এক ব্যক্তির গতিবিধি সন্দেহজনক মনে হলে তাকে জিজ্ঞাসাবাদের জন্য আটক করে। পরে তার দেহ তল্লাশি করে ১৬৪ পিস ইয়াবা উদ্ধার করা হয়।

পরবর্তীতে বিষয়টি ঝিনাইদহ সদর থানা পুলিশকে জানানো হলে পুলিশ ঘটনাস্থলে এসে ইয়াবাসহ আটক ব্যক্তিকে নিজেদের হেফাজতে নেয়। ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ আসাদুজ্জামান জানান মাদক আইনে তার বিরুদ্ধে সদর থানায় মামলা দায়ের করা হয়েছে।

ঝিনাইদহে নারীর প্রতি সহিংসতার ফ্যাক্ট-ফাইন্ডিং প্রতিবেদন প্রকাশ

ঝিনাইদহে নারীর প্রতি সহিংসতা, বৈষম্য ও অধিকারবঞ্চনার বিভিন্ন ঘটনা নিয়ে পরিচালিত ফ্যাক্ট-ফাইন্ডিং (তথ্য-অনুসন্ধান) প্রতিবেদনের ফলাফল তুলে ধরতে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (২৩ জুলাই) সকালে শহরের ওয়েলফেয়ার এফোর্টস (উই)’র প্রশিক্ষণ কক্ষে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়।

মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশন এর সহযোগীতায় এ অনুষ্ঠানের আয়োজন করে ওয়েলফেয়ার এফোর্টস (উই)। সেসময় উপস্থিত ছিলেন উই’র পরিচালক শরিফা খাতুন, উপজেলা জেন্ডার ইক্যুয়ালিটি ফোরামের সভাপতি ময়না খাতুন, ডিএইচআরএমও কুতুব উদ্দিন, উপজেলা ফ্যাসিলিটেটর ছাব্দার হোসেন, আলো ফেরদৌসীসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সংবাদ সম্মেলনে জানানো হয়, গত ফেব্রুয়ারি থেকে জুলাই মাস পর্যন্ত সদর উপজেলার বিভিন্ন গ্রামে মাঠপর্যায়ে পরিচালিত ১৯ টি

নারী নির্যাতনের ঘটনার তথ্য-অনুসন্ধান করা হয়। এর মাধ্যমে নারীর প্রতি সহিংসতা, সামাজিক বৈষম্য, ন্যায়বিচার প্রাপ্তির প্রতিবন্ধকতা এবং নাগরিক অধিকার সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় উঠে এসেছে। ঘটনা গুলো স্থানীয়, সামাজিক ও পারিবাকির ভাবে সমাধান করা হয়েছে।

সংবাদ সম্মেলনে বক্তারা বলেন, নারী ও প্রান্তিক জনগোষ্ঠীর অধিকার নিশ্চিত করতে শুধু আইন প্রণয়ন নয়, তার কার্যকর বাস্তবায়নও জরুরি। একই সঙ্গে সচেতনতা বৃদ্ধি, সামাজিক জবাবদিহিতা এবং ভুক্তভোগীদের আইনি সহায়তা নিশ্চিত করার আহ্বান জানানো হয়।

শৈলকুপায় ট্রাক চাপায় পথচারী নিহত

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার চন্ডিপুর এলাকার মহাসড়কে ট্রাক চাপায় তারিফ উদ্দিন মন্ডল (৭৫) নামের এক পথচারী নিহত হয়েছে।

বুধবার সকালে ঝিনাইদহ-কুষ্টিয়া মহাসড়কের হান্নান ফিলিং স্টেশনের পাশে আশা এনজিও অফিসের সামনে এ দুর্ঘটনা ঘটে। নিহত তারিফ উদ্দিন মন্ডল চন্ডিপুর গ্রামের মৃত ইন্তাজ মন্ডলের ছেলে।

স্থানীয়রা জানায়, প্রতিদিনের মতো বুধবার ভোরেও ফজরের নামাজ আদায় শেষে হাঁটতে বের হন তারিফ উদ্দিন। পথে ঝিনাইদহ-কুষ্টিয়া মহাসড়কের হান্নান ফিলিং স্টেশনের সামনে পৌঁছালে ঝিনাইদহ থেকে কুষ্টিয়াগামী একটি ট্রাক নিয়ন্ত্রন হারিয়ে তাকে চাপা দিয়ে পালিয়ে যায়। এতে ঘটনাস্থলেই মারা যায় তারিফ মন্ডল। খবর পেয়ে শৈলকূপা ফায়ার সার্ভিসের সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে নিহতের মরদেহ উদ্ধার করে।

ঝিনাইদহ আরাপপুর হাইওয়ে থানার ওসি জাহানুর হোসেন বলেন, মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য সদর হাসপাতালে মর্গে পাঠানো আছে। এই ঘটনায় একটি মামলা হয়েছে।

ভাতুড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের অবসর জনিত অশ্রুশিক্ত বিদায়

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার স্বনামধন্য ভাতুড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক কাজী ইউনুস আলী’র অবসর জনিত অশ্রুশিক্ত বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (২২ জুলাই) সকালে স্কুল মাঠে এই রাজকীয় সংবর্ধনা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা পরিষদ প্রশাসক ও জেলা বিএনপির সভাপতি এ্যাডভোকেট আব্দুল মজিদ। বিশেষ অতিথি হিসেবে হরিণাকুণ্ডু উপজেলা শিক্ষক সমিতির সভাপতি ও উপজেলা বিএনপির সভাপতি আবুল হাসান মাস্টার, ঝিনাইদহ জেলা যুবদলের সাধারণ সম্পাদক আশরাফুল ইসলাম পিন্টু, উপজেলা বিএনপির উপদেষ্টা সদস্য ও স্কুলের সাবেক সভাপতি আজিজুর রহমান মন্টু, উপজেলা শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মাসুদুল হক টিটু, অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক আবু দাউদ, শিক্ষক নেতা নিয়ামত আলী, সাংবাদিক মোঃ শাহানুর আলম, সহকারী প্রধান শিক্ষক বিধান চন্দ্র বিশ্বাস, প্রধান শিক্ষক আব্দুল খালেক, মোশাররফ হোসেন প্রমূখ উপস্থিত ছিলেন। এ উপলক্ষে স্কুল মাঠে সাবেক ও বর্তামান ছাত্রছাত্রী উল্লেখ্য যোগ্য উপস্থিতি লক্ষ্য করা যায়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সাইদুর রহমান বিটু এবং সঞ্চালনায় ছিলেন বিদ্যালয়ের ভারপ্র্প্তা প্রধান শিক্ষক সাইদুর রহমান ও সিনিয়র শিক্ষক নেসার উদ্দীন।

এসময় বিদায়ী প্রধান শিক্ষক কাজী ইউনুস আলীকে বিদ্যালয়ের শিক্ষক কর্মচারীদের পক্ষ থেকে উপঢৌকন হিসেবে নগদ বিশ হাজার টাকা, উপহার সামগ্রী এবং বর্তমান ও প্রাক্তন ছাত্রছাত্রীদের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা, ক্রেস্ট, পোশাকসহ নানা ধরণের পুরস্কারে ভুষিত করেন।

এর আগে সদ্য বিদায়ী প্রধান শিক্ষক কে গাড়ির বহরে করে বাড়ি থেকে স্কুলে আনা হয় এবং অনুষ্ঠান শেষে একই গাড়িতে করে অশ্রশিক্ত নয়নে বিদায় জানানো হয়।

কোটচাঁদপুরে সড়কে গাছ ফেলে প্রবাসী পরিবারের সর্বস্ব ছিনতাই

ঝিনাইদহের কোটচাঁদপুরে সড়কে গাছ ফেলে একটি প্রাইভেটকারের গতিরোধ করে নগদ টাকা, মোবাইল ফোন ও স্বর্ণালংকার ছিনিয়ে নিয়েছে দুর্বৃত্তরা।

মঙ্গলবার (২১ জুলাই) দিবাগত ভোররাতে কোটচাঁদপুর-সাবদারপুর সড়কের কুশোকুড়ি মাঠ এলাকায় এ ঘটনা ঘটে।

জানা গেছে, মালয়েশিয়া প্রবাসী মাজেদুল ইসলাম ঢাকা থেকে প্রাইভেটকারে করে পরিবারের সদস্যদের নিয়ে নিজ বাড়ি কোটচাঁদপুর উপজেলার দোড়া গ্রামে ফিরছিলেন। পথে কোটচাঁদপুর–সাবদারপুর সড়কের পুলিশ বক্সের অদূরে কুশোকুড়ি মাঠ এলাকায় পৌঁছালে দুর্বৃত্তরা সড়কে গাছ ফেলে তাদের গাড়ির গতিরোধ করে।

পরে ধারালো দা দেখিয়ে জিম্মি করে তাদের কাছ থেকে বিভিন্ন ব্র্যান্ডের পাঁচটি মোবাইল ফোন, সাতটি স্বর্ণের আংটি, তিন জোড়া স্বর্ণের কানের দুল, একটি রুপার ব্রেসলেট এবং ৫ হাজার ৫০০ মালয়েশিয়ান রিংগিত ছিনিয়ে নেয়। যার বাংলাদেশি মুদ্রায় মূল্য প্রায় ১ লাখ ৭৫ হাজার টাকা। ছিনতাই হওয়া সব মালামালের আনুমানিক মূল্য প্রায় ৬ লাখ ৭১ হাজার টাকা।

ভুক্তভোগী মালয়েশিয়া প্রবাসী মাজেদুল ইসলাম জানান, এ ঘটনায় তিনি কোটচাঁদপুর থানায় মামলা করবেন।

ঘটনার পর বুধবার সকালে ঘটনাস্থল পরিদর্শন করেন কোটচাঁদপুর-মহেশপুর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার সায়েম ইউসুফ এবং

কোটচাঁদপুর থানার ওসি (তদন্ত) আনসারুল্লাহ হক।

এ সময় অতিরিক্ত পুলিশ সুপার সায়েম ইউসুফ ঘটনাটি নিয়ে কোনো মন্তব্য করতে রাজি হননি।

তবে ওসি (তদন্ত) আনসারুল্লাহ হক বলেন, “এ ধরনের ঘটনা প্রতিরোধে আমরা কাজ করে যাচ্ছি।” আইনশৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে জানতে চাইলে তিনি কোনো মন্তব্য না করে সবার সহযোগিতা কামনা করেন।

শৈলকুপায় বিনামূল্যে গাছের চারা বিতরণ

গাছ প্রকৃতির বন্ধু,আর সেই প্রকৃতিকে সবুজে ভরিয়ে তুলতে ঝিনাইদহের শৈলকুপায় ফলদ গাছের চারা বিতরণ করা হয়েছে। মঙ্গলবার বিকেলে উপজেলার সারুটিয়া ইউনিয়নের কাতলাগাড়ী বাজারে এ চারা বিতরণ করেন ‘অবিরাম উন্নয়নে বাংলাদেশ’ ফাউন্ডেশন।

‎এসময় ফাউন্ডেশনের পরিচালক উজ্জল আলী কাঁঠাল,লেবু ও আমড়াসহ তিন প্রজাতির দুই শতাধিক ফলজ গাছের চারা সাধারণ মানুষের মাঝে বিতরণ করেন। বিনামূল্যে ফলদ গাছের চারা নিতে বাজারে উপচেপড়া ভিড় লক্ষ্য করা যায়। একটি চারা পাওয়ার আশায় অনেকের মধ্যে উৎসাহ ও আগ্রহও দেখা যায়।

‎‎স্থানীয়রা বলছেন, এমন উদ্যোগ শুধু পরিবেশ রক্ষায় ভূমিকা রাখবে না,বরং মানুষকে বৃক্ষরোপণে আরও উৎসাহিত করবে। বিশেষ করে ফলদ গাছের চারা বিতরণের ফলে একদিকে যেমন সবুজায়ন বাড়বে, অন্যদিকে পরিবারগুলোও উপকৃত হবে।

‎‎চারা বিতরণ শেষে উজ্জ্বল আলী বলেন,গাছ মানুষের পরম বন্ধু। পরিবেশ রক্ষা এবং সারুটয়া ইউনিয়নকে আরও সবুজ করে গড়ে তোলার লক্ষ্যেই এ উদ্যোগ নেওয়া হয়েছে। ‎তিনি আরও বলেন,ভবিষ্যতে বৃক্ষরোপণ ও ফলজ গাছের চারা বিতরণ সহ বিভিন্ন মানবিক কার্যক্রম অব্যাহত রাখা হবে।

হরিণাকুণ্ডুতে অটোরিকশা- লাটাহাম্বার মুখোমুখি সংঘর্ষ; নিহত ১ আহত ২

‎‎ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলায় ব্যাটারিচালিত অটোরিকশা ও লাটাহাম্বার মুখোমুখি সংঘর্ষে অটোরিকশার চালক নিহত হয়েছেন। এ ঘটনায় এক নারীসহ আরও দুইজন আহত হয়েছেন।

‎‎মঙ্গলবার (২১ জুলাই) দুপুরে উপজেলার লালন সড়কের সরকারি লালন শাহ কলেজ গেটের সামনে এ দুর্ঘটনা ঘটে। ‎দুর্ঘটনায় ‎নিহত ব্যক্তি উপজেলার ভবাণীপুর গ্রামের তাঁতীপাড়ার মৃত সদর শেখের ছেলে মোস্তফা শেখ(৪৫)।

‎পুলিশ সূত্র জানায়, একটি ব্যাটারিচালিত অটোরিকশা ভবানীপুর থেকে হরিণাকুণ্ডু উপজেলার দিকে যাচ্ছিল, পথি মধ্যে সরকারি লালন শাহ কলেজ গেটের সামনে বিপরিত দিক থেকে আসা খৈল বোঝায় একটি লাটাহাম্বা অটোরিকশাটিকে সজোরে ধাক্কা দেয়। এতে চালকসহ অটোরিকশার ৩জন আহত হয়। ‎

‎পরে স্থানীয়রা আহতদের হরিণাকুণ্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে গুরুতর অসুস্থ অটোরিকসা চালককে উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করে। আহত চালককে কুষ্টিয়া মেডিকেল কলেজে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। আহত অপর এক নারী ও পুরুষ হরিণাকুণ্ডুতে হাসপতালে চিকিৎসাধীন রয়েছেন।
‎

হরিণাকুণ্ডু থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) অসিত কুমার রায়‎ বলেন, ঘটনাস্থল আমরা পরিদর্শন করেছি। এছাড়া লাশ যেহেতু কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে আছে আমরা তাদের সাথে যোগাযোগ করার চেষ্টা করছি। লাশ এসে পৌছালে মর্গে পাঠানোর ব্যবস্থা করা হবে। দুর্ঘটনার বিষয়ে আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।